গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(রাজস্ব শাখা)
www.joypurhat.gov.bd

নং- ৩১.৪৩.৩৮০০.০২০.০১.০২৯.১৯- ১৩৭৮ (১০০০) তারিখঃ ১৪/১১/২০১৯ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের গত ১৩ নভেম্বর,২০১৯ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২২০.১২.৮৭০ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এবং আওতাধীন অফিসসমূহে রাজস্ব প্রশাসনে নিম্নবর্ণিত পদে লোক নিয়োগের নিমিত্তে জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে শর্তসাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ২০ তম গ্রেড) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহায়ক | ১২ | ৮২৫০-২০০১০ | ৮ম শ্রেণী বা সমমানের পরীক্ষায় পাশ |

## শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও জয়পুরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। প্রার্থীর বয়সসীমা ১৫/১১/২০১৯ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শীথিলযোগ্য।

০৩। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৪। জেলা প্রশাসক, জয়পুরহাট ও সভাপতি জেলা নিয়োগ কমিটিকে সম্বোধন করে লিখিত আবেদনপত্র আগামী ০৮/১২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে জেলা প্রশাসক, জয়পুরহাট এর কার্যালয়ে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। আবেদনপত্রে (ক) পদের নাম (খ) প্রার্থীর নাম (গ)পিতা/স্বামীর নাম (ঘ) মাতার নাম (ঙ) স্থায়ী ঠিকানা (চ) বর্তমান ঠিকানা (ছ) জন্ম তারিখ (জ) ১৫/১১/২০১৯ তারিখে বয়স (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) কোটা (যদি থাকে) (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) (ড) মোবাইল নম্বর (যদি থাকে) এবং (ঢ) নিম্নবর্ণিত ছকে শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে।

| পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | শিক্ষা বোর্ড | প্রাপ্ত বিভাগ/জিপিএ | পরীক্ষায় উত্তীর্ণের সাল |
|---|---|---|---|---|
| | | | | |

০৬। বিবাহিতা মহিলার ক্ষেত্রে নিজের ও স্বামীর স্থায়ী ঠিকানা আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

০৭। আবেদপত্রের সাথে (ক) প্রার্থীর সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি (গ) পৌরসভার মেয়র অথবা কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূল কপি (ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (ঙ) জন্ম সনদপত্রের সত্যায়িত কপি (চ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সদ্য প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি (ছ) কোটা সংক্রান্ত (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

০৮। সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

০৯। সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১০। প্রার্থী মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করলে তাকে এ সংক্রান্ত সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১১। পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা হিসাব কোড নম্বরঃ ১-৪৬৩১-০০০০-২৬৮১ এ ট্রেজারি চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১২। প্রার্থীকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। পরবর্তীতে পত্রযোগাযোগের ক্ষেত্রে আবেদনকারীকে নিজ ঠিকানা সম্বলিত ১০.৫" x ৪.৫" ইঞ্চি সাইজের ফিরতি খাম ৬/-(ছয়) টাকা মূল্যের ডাকটিকিটসহ আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১৪। আবেদনকারীকে খামের উপরের অংশে বড় অক্ষরে পদের নাম লিখতে হবে।

১৫। আবেদন গ্রহণ বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। এবিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবেনা।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোনঃ ০৫৭১-৬২২০৮
ফ্যাক্সঃ ০৫৭১-৬২৫৪৬
dcjoypurhat@mopa.gov.bd

নং- ৩১.৪৩.৩৮০০.০২০.০১.০২৯.১৯- ১৩৭৮ (১০০০) তারিখঃ ১৪/১১/২০১৯ খ্রিঃ

<u>অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য</u> :

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
( ইহা ভূমি মন্ত্রণালয়ের গত ১৩নভেম্বর ২০১৯ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২২০.১২.৮৭০ নম্বর স্মারকের ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে)
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩। জেলা প্রশাসক.........................................................(সকল)
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার , জয়পুরহাট
০৬। পুলিশ সুপার, জয়পুরহাট
০৭। সিভিল সার্জন, জয়পুরহাট
০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জয়পুরহাট
০৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট
১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
১১। উপজেলা নির্বাহী অফিসার,জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
১২। সহকারী কমিশনার (ভূমি),জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল, জয়পুরহাট
১১। মেয়র, জয়পুরহাট/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল পৌরসভা
১২। উপ-পরিচালক..........................................................জয়পুরহাট
১৩। জেলা.......................................................অফিসার, জয়পুরহাট
১৪। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর/জেনারেল সার্টিফিকেট অফিসার/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জয়পুরহাট
১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট। তাঁকে বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭। অফিসার ইনচার্জ,জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/কালাই/ক্ষেতলাল থানা, জয়পুরহাট
১৮। চেয়ারম্যান.............................................ইউনিয়ন পরিষদ,.....................জয়পুরহাট
১৯। সম্পাদক, দৈনিক যুগান্তর/দৈনিক করতোয়া। বিজ্ঞপ্তিটি আগামী.১৬/১১/২০১৯...খ্রি: তারিখের মধ্যে ভিতরের পাতায় একদিনের জন্য ৪x১৩ আকারে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক, জয়পুরহাট বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২০। নোটিশ বোর্ড।

জেলা প্রশাসক
জয়পুরহাট